

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

স্মারক নং-৩৩.০১.৯৪৯৪.০০০.১৯. ৩৯৬ (৩২)

তারিখ-৩১/০৭/২০১৯খ্রিঃ।

নোটিশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট (এলডিডিপি) এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা এবং সংশ্লিষ্ট ইউনিয়নের প্রাণিসম্পদ খামারীদের প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য নির্ধারিত ইউনিয়নে ০১ (এক) জন করে লাইভস্টক সার্ভিস প্রোভাইডার Livestock Service Provider (LSP) নির্বাচন করা হবে। নিম্নোক্ত ক্রাইটেরিয়ার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট থেকে নাম, পিতার ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ইত্যাদি তথ্যাদি সম্বলিত স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আগ্রহীদের আগামী ২০/০৮/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো।

যোগ্যতা ও অভিজ্ঞতা:

১. সংশ্লিষ্ট ইউনিয়নের/পৌরসভার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. আবেদনকারীর বয়স ২০/০৮/২০১৯ খ্রিঃ তারিখে ২৫-৪৫ বছর হতে হবে।
৩. পুরুষ বা নারী উভয়ই (এলএসপি) হিসেবে আবেদন করতে পারবে।
৪. ক্ষুদ্র ও প্রান্তিক খামারীদের অগ্রাধিকার দেয়া হবে।
৫. শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি/সমমান পাশ হতে হবে। বাংলা পড়া ও লিখায় দক্ষ হতে হবে।
৬. প্রাণিসম্পদ বিষয়ে ডিএলএস বা যুব উন্নয়ন কেন্দ্র বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ প্রাপ্ত ও প্রাণিসম্পদ সেবা বা লালন পালন কাজে অভিজ্ঞতা সনদ থাকতে হবে।
৭. কর্মঠ, স্ব-উদ্যোগী ও নেতৃত্ব প্রদানের গুণাবলী থাকিতে হবে।
৮. অন্য কোন প্রতিষ্ঠানে পূর্ণকালীন কর্মরতদের/ অধিদপ্তরের প্রশিক্ষিত এআই স্বেচ্ছাসেবীদের কিংবা এনএটিপি-২ প্রকল্পের সীলদের আবেদন করার প্রয়োজন নাই।

(ডাঃ মোঃ সাব্বুর রহিম)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো:

- ১। উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
- ২। উপজেলা কৃষি অফিসার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
- ৩। উপজেলা যুব উন্নয়ন অফিসার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
- ৪। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।
- ৫। অফিস নথি।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো:

- ১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ঠাকুরগাঁও।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
- ৩। মেয়র, ঠাকুরগাঁও পৌরসভা, ঠাকুরগাঁও।
- ৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
- ৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
- ৩। চেয়ারম্যান-----ইউপি, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

(বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো।)